# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 08 April, 2025

ঝিনাইদহ সদরে আধিপত্য বিস্তার নিয়ে দ্বন্দ্বের জেরে প্রতিপক্ষের বাড়িঘরে হামলা, ভাংচুর ও লুটপাট করা হয়েছে। সোমবার রাতে সদর উপজেলার পাকা গ্রামে এ ঘটনা ঘটে।

পুলিশ ও স্থানীয়রা জানায়, এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে ওই গ্রামের সাবেক যুবদল নেতা আব্দুল কাদের ও জেলা বিএনপির সহ সভাপতি সুবিদ চেয়ারম্যানের সমর্থকদের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছিলো।সোমবার দুপুরে আব্দুল কাদেরের বাড়ি স্থানীয় বিএনপির নেতা তৌফিকুর রহমান, শফিকুল ইসলাম ও ইদ্রিস আলী দাওয়াত খেতে সন্ধ্যায় ঘোড়শাল বাজারে সুবিদ চেয়ারম্যানের লোকজন তাদের উপর চড়াও হয়।এ নিয়ে উভয় পক্ষের মধ্যে তর্ক-বিতর্ক হয়।

এরই জের ধরে রাতে সুবিদ চেয়ারম্যানের লোকজন কাদেরের সমর্থকদের বাড়িতে হামলা চালিয়ে ভাংচুর ও লুটপাট করে।খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।এ ঘটনার পর এলাকায় উত্তেজনা বিরাজ করছে।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল্লা আল মামুন জানান, আধিপত্য বিস্তার নিয়ে দ্বন্দ্বের জেরে প্রতিপক্ষের বাড়িঘরে হামলা, ভাংচুর ও লুটপাটের ঘটনা ঘটেছে। তবে ঘটনার সাথে সাথে এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। বর্তমানে পরিস্থিতি পুলিশের নিয়ন্ত্রণে আছে।তবে এঘটনায় থানায় এখনও কেউ অভিযোগ দেয়নি।দিলে আইনগত ব্যবস্থা গহণ করা হবে।

ঝিনাইদহ হামলা ভাংচুর ও লুটপাট বিএনপি

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:33

URL: https://www.timestodaybd.com/across-the-country/117106480